গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
সাধারণ শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)বাস্তবায়নে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মো: হাবিবুর রহমান<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. |
| সভার সময় | বিকাল ৪.৪৫ টায় |
| স্থান | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ''ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, এ কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২.১ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি আওতাধীন অফিসের সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরমেটে সেবাসমূহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ, ওয়েবসাইটে হালনাগাদকরণ এবং প্রতিটি কাজ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পন্ন করে সূচকের প্রমাণকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন। এ বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, এ বিভাগের জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েব পোর্টালে শাখাভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করা হলেও ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা নেই। ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েব সাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীন সেবা হিসেবে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েব সাইটে সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | সভাপতি এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ২০২৩-২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | এ বিভাগের সকল জেলায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ |
| ০৩. | সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ | সভাপতি এ বিভাগের আওতাধীন অফিসের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ বিষয়ে সভায় আলোচনা করেন। সদস্য সচিব জানান, জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণে দেখা যায় যে, রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবি আপলোড রয়েছে। কিন্তু অফিস আদেশ আপলোড নেই। দিনাজপুর জেলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবি ও অফিস আদেশ দেয়া রয়েছে। বাকি ০৬ টি জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও অফিস আদেশ ওয়েব সাইটের নির্দিষ্ট সেবাবক্সে আপলোড নেই। তিনি নির্দিষ্ট সেবা বক্সে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোডের অনুরোধ করেন। | সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও অফিস আদেশ ওয়েব সাইটের নির্দিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | সভায় এ কার্যালয়ের সহকারী কমিশনার (আইসিটি) জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.২ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন অন্তর্ভূক্ত রয়েছে। এ বিষয়ে সভাপতি জানান যে, অংশীজন বলতে স্ব স্ব প্রতিষ্ঠানের অভ্যন্তরীন/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি), সুশীল সমাজের প্রতিনিধি এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীকে বোঝানো হয়েছে। আয়োজিত সভায় স্টেকহোল্ডারগণের মতামত ও সুপারিশসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করে নিজ নিজ দপ্তরের সেবা প্রদান কার্যক্রমকে আরও সহজ ও ভোগান্তিবিহীন করার সর্বোচ্চ চেষ্টা করতে হবে। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: হাবিবুর রহমান
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০..০০৫.১২.০০২.১৭.৪০৬

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর বিভাগ, রংপুর।

২) পরিচালক, স্থানীয় সরকার , রংপুর বিভাগ, রংপুর।

৩) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ

৪) উপ-পরিচালক, স্থানীয় সরকার , রংপুর বিভাগ, রংপুর।

৫) বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব , রংপুর বিভাগ, রংপুর (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬) অফিস কপি।

ইন্দ্রজীত সাহা
সিনিয়র সহকারী কমিশনার